# শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা



## সাধারণ আনসার প্রশিক্ষণে যোগ দিন, নিরাপত্তা সেবায় অংশগ্রহণের জন্য প্রস্তুত হোন।

১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অন্যতম অনুষঙ্গ সাধারণ আনসার। ৫৪৬৬৮ জন প্রশিক্ষিত সাধারণ আনসার সদস্য বর্তমানে ৫২৭৩ টি সংস্থায় অঙ্গীভূত রয়েছেন। উক্ত সদস্যবৃন্দ বিমানবন্দর, সমুদ্রবন্দর, পাওয়ার স্টেশন এর মত গুরুত্বপূর্ণ কেপিআই, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, মহানগরীতে ট্রাফিক কন্ট্রোল, নৌ ও অন্যান্য গণ-পরিবহন, রেল স্টেশন এবং অন্যান্য সরকারী ও বেসরকারী স্থাপনার নিরাপত্তা বিধান করছেন। সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করে আপনি হতে পারেন আনসার বাহিনীর একজন গর্বিত সদস্য। তাছাড়া আপনি অঙ্গীভূত আনসার হিসেবে নিরাপত্তা সেবায় অংশগ্রহণের সুযোগ পেতে পারেন। আপনি আগ্রহী ও যোগ্য প্রার্থী হলে অন-লাইনে আবেদন করবেন এবং আপনাকে প্রশিক্ষণের নিমিত্তে বাছাইয়ের জন্য নির্ধারিত স্থান ও তারিখের সময়সূচি অনুযায়ী নির্ধারিত কমিটির নিকট উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ৯০ দিন মেয়াদী সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

২। **প্রার্থীদের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে ঃ**

| বয়স | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | অগ্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৭/১১/২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে ন্যূনতম বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স ৩০ বছর | ন্যূনতম JSC/ সমমান পাশ | উচ্চতা - সর্বনিম্ন ৫ ফুট ৪ ইঞ্চি<br>বুকের মাপ - ৩০/৩২ ইঞ্চি<br>দৃষ্টিশক্তি - ৬/৬<br>কোন দূরারোগ্য ব্যাধি থাকলে প্রার্থীকে প্রাথমিক বাছাই-এ নির্বাচন করা হবে না। | অধিক উচ্চতা, শহীদ পরিবার, ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে অধিক যোগ্যতা সম্পন্ন, (ভিডিপি/টিডিপি) মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |

৩। **জাতীয়তা ঃ বাংলাদেশী**

৪। **অন-লাইন রেজিস্ট্রেশন পদ্ধতিঃ**

ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা যে কোন অন-লাইন সুবিধা সম্পন্ন কম্পিউটার থেকে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইট (www.ansarvdp.gov.bd)-এ 'সাধারণ আনসার (পুরুষ) মৌলিক প্রশিক্ষণের আবেদন' লিংকে ক্লিক করে আবেদনপত্র পূরণ করে দাখিল করা যাবে। উক্ত লিংকটি ০২/১১/২০২৩ খ্রিঃ রাত ১২.০১ ঘটিকা হতে ০৭/১১/২০২৩ খ্রিঃ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত সক্রিয় থাকবে। টাকা জমা দানের শেষ সময় ০৭/১১/২০২৩ খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ ঘটিকা পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি বাবদ অফেরতযোগ্য ২০০ (দুইশত) টাকা অনলাইনে প্রদর্শিত মানি ট্রান্সফার পদ্ধতি (নগদ) এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদনপত্র দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যা হলে পরামর্শের জন্য ০৯৬৪৩২০৭০০৪ নম্বরে যোগাযোগ করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রবেশপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং বাছাইয়ের সময় অবশ্যই তা প্রদর্শন করতে হবে।

৫। **যাচাই-বাছাইয়ে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**

(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র।
(খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি।
(গ) চারিত্রিক সনদপত্রের মূল কপি।
(ঘ) নাগরিকত্ব সনদপত্রের মূল কপি।
(ঙ) অন-লাইন রেজিস্ট্রেশনের কনফারমেশন ডকুমেন্টের (প্রবেশপত্র) মূল কপি।
(চ) ক থেকে ঙ পর্যন্ত সকল ডকুমেন্টের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি।
(ছ) গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(জ) প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কলম, পেন্সিল, স্কেল ও ক্লিপবোর্ড সঙ্গে আনতে হবে।

৬। **অঙ্গীভূত হওয়ার পর সুযোগ-সুবিধা ঃ**

(ক) প্রশিক্ষণ শেষে অঙ্গীভূত হলে মাসিক সমতল এলাকায় ১৬,২০০ টাকা এবং পার্বত্য এলাকায় ১৭,৪০০ টাকা ভাতা প্রাপ্য হবেন।
(খ) প্রতি বছর দুটি উৎসব ভাতা প্রাপ্য হবেন ১০,০০০ টাকা হারে।
(গ) দুই ইউনিট রেশন ভর্তুকি মূল্যে প্রদান করা হবে।
(ঘ) কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করলে ছয় লক্ষ টাকা এবং স্থায়ী পঙ্গুত্ববরণ করলে তিন লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে।

৭ । **জেলা ভিত্তিক নির্বাচনের তারিখ, সময় ও নির্বাচন কেন্দ্রের নাম নিম্নরূপ ঃ**

| রেঞ্জের নাম | জেলার নাম | প্রাথমিক বাছাইয়ের স্থান, তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ঢাকা রেঞ্জ | ঢাকা<br>গাজীপুর | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, গাজীপুর।<br>তারিখঃ ১১-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯০০ ঘটিকা। | অনিবার্য কারণবশত বাছাইয়ের তারিখ, সময় ও কেন্দ্র পরিবর্তিত হলে বাহিনীর ওয়েব সাইটে তা প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে মোবাইল মেসেজের মাধ্যমে অবহিত করা হবে। |
| | নারায়নগঞ্জ<br>মুন্সীগঞ্জ | ওসমানী পৌর স্টেডিয়াম, নারায়নগঞ্জ।<br>তারিখঃ ১২-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | টাঙ্গাইল<br>মানিকগঞ্জ | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, মানিকগঞ্জ।<br>তারিখঃ ১৪-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | মাদারীপুর<br>শরীয়তপুর<br>গোপালগঞ্জ | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, শরীয়তপুর।<br>তারিখঃ ১৮-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | নরসিংদী<br>কিশোরগঞ্জ | জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র কাতিয়াচর, কিশোরগঞ্জ।<br>তারিখঃ ১৯-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | ফরিদপুর<br>রাজবাড়ী | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ফরিদপুর।<br>তারিখঃ ২০-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| চট্টগ্রাম রেঞ্জ | চট্টগ্রাম<br>কক্সবাজার | প্রশিক্ষণ মাঠ, চট্টগ্রাম রেঞ্জ কার্যালয়, ফয়'স লেক, চট্টগ্রাম।<br>তারিখঃ ১২-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| সিলেট রেঞ্জ | সিলেট<br>সুনামগঞ্জ | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সুনামগঞ্জ।<br>তারিখঃ ১১-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | মৌলভীবাজার<br>হবিগঞ্জ | ২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল।<br>তারিখঃ ১৩-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| ময়মনসিংহ রেঞ্জ | ময়মনসিংহ<br>নেত্রকোনা | রেঞ্জ কার্যালয়, ময়মনসিংহ।<br>তারিখঃ ১৩-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | শেরপুর<br>জামালপুর | রেঞ্জ কার্যালয়, ময়মনসিংহ।<br>তারিখঃ ১৫-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| কুমিল্লা রেঞ্জ | নোয়াখালী<br>ফেনী | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ফেনী।<br>তারিখঃ ১৪-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | কুমিল্লা<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কুমিল্লা।<br>তারিখঃ ১৮-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |
| | চাঁদপুর<br>লক্ষ্মীপুর | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, চাঁদপুর।<br>তারিখঃ ২০-১১-২০২৩ খ্রিষ্টাব্দ।<br>সময়ঃ ০৯.০০ ঘটিকা। | |

প্রশিক্ষণ পরিদপ্তর
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯

**বিঃ দ্রঃ অঙ্গীভূত আনসারদের চাকরি স্থায়ী সরকারি চাকরি নয়।**
বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট জেলা আনসার-ভিডিপি কার্যালয়ে যোগাযোগ করুন
অথবা ভিজিট করুন ঃ www.ansarvdp.gov.bd

*** সতর্কীকরণ**
ক। সাহায্য পাওয়ার আশায় কারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না।
খ। আবেদনকারীর মধ্যে কেহ কোন তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার সাধারণ আনসারে আবেদন বাতিল বলে বিবেচিত হবে।